

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮- ৬৬২

তারিখঃ ১৮/০৩/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় আপনি যোগদানকালে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ছিল প্রায় ০.৫০ লক্ষ টাকা যা বর্তমানে বৃদ্ধি পেয়ে হয়েছে ৭৪.১৬ লক্ষ টাকা (প্রায় ৮১% বিতরণকৃত ঋণ); যা আপনার তদারকির অভাব, দায়িত্বে অবহেলা ও উদাসীনতার জন্য সংঘটিত হয়েছে মর্মে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়। এছাড়া আপনি ইরেসপো প্রকল্প/কর্মসূচি'তে যোগদানের পর হতে কর্মরত সকল উপজেলায় অধিনস্ত কর্মচারী ও সুফলভোগী সদস্যদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও কর্তৃপক্ষের নির্দেশনা উপেক্ষা করে ইচ্ছেমত অফিসে আগমন ও প্রস্থান করতেন মর্মে অভিযোগ রয়েছে; যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এছাড়া আপনার এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য ব্যাখ্যা তলব করা হলে আপনি কৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনাপূর্বক ভবিষ্যতে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করবেন মর্মে অঙ্গীকার করা সত্ত্বেও ইতিবাচক অগ্রগতি হয়নি, যা কর্তৃপক্ষকে অবমাননার শামিল। তাছাড়া ইতোপূর্ব আপনার উদাসীনতা, দায়িত্বে অবহেলা ও তদারকির অভাবে বাবুগঞ্জ উপজেলায় আপনার কর্মকালীন কার্যক্রম খারাপ হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত। এতে প্রতীয়মান হয় যে, কর্মসূচির দায়িত্ব পালনে আপনার দক্ষতা ও আন্তরিকতার অভাব রয়েছে এবং আপনার দ্বারা কর্মসূচির কার্যক্রম পরিচালনা করা সম্ভব নয়।।

এমতাবস্থায়, আপনার এ ধরনের দায়িত্বহীন ও উদাসীন আচরণের জন্য কর্মসূচির স্বার্থে কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


মেহেদীসুল ইসলাম আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

জনাব নুসরাত নওশীন সুবর্ণা
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো,বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ, জেলাঃ বরিশাল।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।